

## মমকামীন ছুঁড়া

মোহাম্মদ আবদুর রায়যাক

১

আগে জানতাম খিস্তি-খেউড় বস্তিবাসীর ভাষা -  
নেতারাও দেখছি এখন বলছেন তা খাসা!  
বস্তি থেকে পার্লামেন্টে সহজ উত্তরণ -  
টেলি-টকেও এখন শুনছি তাহার প্রবর্তন।

২

‘হরতালেতে দেশের ক্ষতি?’ ‘আমার তাতে কি?  
আমার চোখে গদীর খোয়াব, গরম ভাতে ঘি।’  
‘জ্বালাও পোড়াও আন্দোলনে দেশের মানুষ মরে?’  
‘গদী আগে দখল করি, দেখব এসব পরে।’

৩

‘সালিশ মানি, তবে জেনো তালগাছটি আমার’  
‘কেয়ার টেকার? কক্ষনো নয়, গুতানো গো-খামার!  
নামিয়ে দেবে গদী থেকে; মরবো সদল বলে -  
ইলেকশনে জিতবো না যে কেয়ার টেকার হলে!’

৪

‘ভাবছো কেন ভাবছি আমায় বাংলাদেশের রানী?  
কৃষ্টিবিচার করে দেখো পাবে কারণ খানি।’  
(ন্যায্য দাবী! দুই দাবীদার তাইতো ঝগড়া চলে -  
কেউ বা রানী পিতার সূত্রে, কেউ বা স্বামীর বলে)।

সিডনী নভেম্বর ৫, ২০১৩

## কঠিন মৈত্রী বন্ধন

মোহাম্মদ আবদুর রায়যাক

‘পরম মিত্র’ বাংলাদেশকে পড়শির উপহার -  
গুলিতে ঝাঝরা ফেলানীর লাশ! সীমান্তে কাঁটাতার;  
যেথা হররোজ খুনী প্রহরীরা মারে বাংলার লোক!  
তবু আমাদের সরকার বলে, ‘মৈত্রীর জয় হোক’।

পড়শির সাথে কঠিন বাঁধন প্রেমময় হলাহল -  
এ বাঁধনে পড়ে মরেছে তিতাস, তিস্তা, ছিটমহল;  
নদ-নদী-খাল, হাওর- বাওর, প্রিয় সুন্দরবন  
মরুভূমি হতে চলেছে বাংলা, এমনই সে বন্ধন।

মরছে দেশের কৃষি ও শিল্প, কৃষ্টি ও কালচার-  
হিন্দী টিভির প্রভাবে সমাজে বেড়ে গেছে অনাচার।  
তবু আমাদের সরকার বলে, ‘মৈত্রী জিন্দাবাদ’,  
‘পড়শিকে ভাব শত্রু? তোমায় জানাই নিন্দাবাদ।’

কু-লোকেরা বলে ভোটের সিজনে তাহাদের প্রিয় দল  
যেন জেতে তাই পড়শি লাগাবে অর্থ ও জনবল।

সিডনী মে ৫, ২০১৩